দৈনিক বাংলা

তারিখ 05 DEC 1993
পৃষ্ঠা ৩ কলাম ৩

32

# ঢাকা ভার্সিটিতে ভর্তির নতুন শর্ত ঃ প্রতিবাদ

স্টাফরিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিশ্ববিদ্যালয়ে ভর্তির কিছু নতুন শর্ত আরোপ করায় গণতান্ত্রিক ছাত্রঐক্য তার নিন্দা ও প্রতিবাদ করেছে। শনিবার এক সাংবাদিক সম্মেলনে এই নিন্দা ও প্রতিবাদ করা হয়।

মধুর ক্যান্টিনে আয়োজিত সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ছাত্র মৈত্রী নেতা জিয়াউল হক জিয়া। এ সময় অন্যান্যের মধ্যে ছাত্রলীগের (বা-কা) ওবায়দুর রহমান চুন্নু, ছাত্র ইউনিয়নের আসলাম খান, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের মোস্তাক আলম টুলু প্রমুখ বক্তৃতা করেন।

লিখিত বক্তব্যে জিয়াউল হক জিয়া আগামী ১৪ ডিসেম্বরের মধ্যে ভর্তির নতুন শর্তসমূহ বাতিলের দাবী জানিয়ে বলেন অন্যথায় বৃহত্তর আন্দোলন গড়ে তোলা হবে।

তিনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গৃহীত এই সিদ্ধান্তকে দেশের গরীব মানুষের সন্তানদের উচ্চ শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত করার ষড়যন্ত্র বলে উল্লেখ করেন। তিনি কথিত এই ষড়যন্ত্রের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলার জন্য সকল গণতান্ত্রিক ছাত্র সংগঠনের প্রতি আহবান জানান।

উল্লেখ্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ চলতি বছর সম্মান (অনার্স) শ্রেণীতে ভর্তির জন্য কিছু নতুন শর্ত আরোপ করেছে। শর্তগুলো হচ্ছে ঃ ভর্তিচ্ছু প্রত্যেক প্রার্থীকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বাংলা ও ইংরেজীতে পৃথকভাবে কমপক্ষে শতকরা ৪৫ নম্বর পেতে হবে। ক ইউনিটে আবেদন করতে হলে প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কমপক্ষে ১১৭৫ নম্বর ও খ ইউনিটে আবেদন করতে হলে কমপক্ষে ১২০০ নম্বর পেতে হবে।